# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।

প্লট নং-৩, ব্লক-এ, সেকশন-১৩, মিরপুর, ঢাকা-১২১৬

e-mail
raodhaka@krishibank.org.bd

সূত্র নং আনিকা(ঢাকা)/শুদ্ধাচার/প্রশা-০১/২০২৩-২০২৪/ ৩৬৪

তারিখঃ ৩০.০৬.২০২৪ খ্রিঃ

**বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা এর এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪ সময়কালের ৪র্থ কোয়ার্টার এর শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ হাফিজুল ইসলাম, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা |
| তারিখ ও সময় | ঃ ৩০.০৬.২০২৪ খ্রিঃ, বিকাল ঃ ৪.০০ ঘটিকা |
| স্থান | ঃ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট "ক" |

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কর্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের সকল পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ নাজমুল হক ***এপ্রিল***/২০২৪ হতে ***জুন***/২০২৪ সময়কালের ৪র্থ কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচরের প্রয়োগ বৃদ্ধির জন্য নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই নিরীক্ষাযোগ্য শাখাসমূহে নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী ***এপ্রিল***/২০২৪ হতে ***জুন***/২০২৪ ত্রৈমাসিকে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা কর্তৃক ০৪ টি শাখা নিরীক্ষা সম্পন্ন হয়েছে।

খ) ৪র্থ প্রান্তিকে সভার সিদ্ধান্ত সমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।

গ) সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে নীতি ও নৈতিকতা নিয়ে কাজ করতে হবে।

ঘ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কাজ হতে বিরত থাকতে হবে।

চ) প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণকারী কার্যালয় সময় হতে সময়ে সময়ে চাহিত বিভিন্ন প্রতিবেদন সমূহ যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ছ) বিকেবি প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকার ২০২৩-২০২৪ অর্থবছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন পূর্বক যথাসময়ে ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়।

জ) অত্র ব্যাংকের ওয়েব সাইটে NIS Tab এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আপলোড করতে হবে।।

০৪। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এ উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক ভিত্তিতে একই ছকে অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২৪

মোঃ হাফিজুল ইসলাম
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
ও
সভাপতি

CS CamScanner

## আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম: আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নেরদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২৩-২০২৪ লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**.....................................৬ | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ২.০০ | | |
| | | | | | | অর্জন | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ২.০০ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (st akehol der s) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ২.০০ | | |
| | | | | | | অর্জন | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ২.০০ | | |
| ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | প্রশিক্ষিত কর্মচারী | ১ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ১.০০ | | |
| | | | | | | অর্জন | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ১.০০ | | |
| ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | ১ | সংখ্যা ও তারিখ | | | লক্ষ্যমাত্রা | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ১.০০ | | |
| | | | | | | অর্জন | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ১.০০ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ...........................................................................২ | | | | | | | | |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | | লক্ষ্যমাত্রা | | | বিভাগীয় কার্যালয় কর্তৃক বাস্তবায়ন করা হবে |
| | | | | | অর্জন | | | |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম................ ২ | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ২ | % | | | | | |

মোঃ নাজমুল হক
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।

মোঃ হাফিজুল ইসলাম
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।